

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪২(আগরতলা, ১৪।০১)
উদয়পুর, ১৪ জানুয়ারী ২০১৮

তীর্থমুখে পৌষ সংক্রান্তি মেলা

তীর্থমুখে গতকাল সন্ধ্যায় প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে দুইদিন ব্যাপী পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন করেন রাজ্যের কারা মন্ত্রী মনিন্দ্র রিয়াং। মেলার উদ্বোধন করে তিনি বলেন, পৌষ সংক্রান্তি উপলক্ষ্যে এই মেলায় তীর্থমুখ হাজারো মানুষের মিলন ক্ষেত্র হয়ে উঠেছে। আজ মানুষের বেশী প্রয়োজন আনন্দ ও ভালোবাসা। এই ধরনের মেলায় সব অংশের মানুষের মধ্যে সম্প্রীতি গড়ে উঠে। অনুষ্ঠানের প্রধান অতিথি এ ডি সি'র মুখ্য কার্যনির্বাহী সদস্য রাধাচরণ দেববর্মা বলেন, এই মেলা প্রাপ্তন আজ জাতি উপজাতির মিলন ক্ষেত্রে পরিণত হয়েছে। রাজ্যের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে শান্তি সম্প্রীতি বজায় রাখার জন্য তিনি সবাইকে আহবান জানান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন গোমতী জিলা পরিষদের সভাপতি সুনীতি সাহা, বিধায়ক যশবীর ত্রিপুরা, বিধায়ক প্রিয়মনি দেববর্মা, উপজাতি কল্যাণ দপ্তরের সচিব এল এইচ ডার্লং, গোমতী জেলা শাসক রাভেল হেমেন্দ্র কুমার প্রমুখ। স্বাগত ভাষণ দেন করবুক মহকুমা শাসক নাগেশ কুমার বি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক বি এ সি'র চেয়ারম্যান তরেন্দ্র রিয়াং। এই মেলায় রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী মন্ডপ খুলেছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে সারারাত ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে হাজার হাজার পূণ্যার্থীরা এই মেলায় সমবেত হয়েছেন। যাতায়াতের সুবিধার্থে বাসের ব্যবস্থা করা হয়েছে। পিতৃ পুরুষের উদ্দেশ্যে হাজারো মানুষ তর্পণ সহ অবগাহন করেছেন। ঐতিহ্য মন্ডিত তীর্থমুখের পৌষ মেলা সম্প্রীতির মেলার রূপ নিয়েছে।
